

## 📃 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৯০

## আরবি মূল আয়াত:

وَ لَقَد قَالَ لَهُم هٰرُونُ مِن قَبلُ يَقُومِ إِنَّمَا فُتِنتُم بِهٖ وَ إِنَّ رَبَّكُمُ الرَّحمٰنُ فَاتَبِعُونِي وَ اَطِيعُوا اَمرِي ﴿٩٠﴾

## 

আর হারূন পূর্বেই তাদেরকে বলেছিল, 'হে আমার কওম, এটা দ্বারা তো কেবল তোমাদেরকে পরীক্ষায় ফেলা হয়েছে। আর তোমাদের রব তো পরম করুণাময়। তাই তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল'। — আল-বায়ান

হারান তাদেরকে আগেই বলেছিল, 'হে আমার জাতির লোকেরা! এর (অর্থাৎ গো-বৎসের) দ্বারা তোমাদেরকে পরীক্ষায় ফেলা হয়েছে, তোমাদের প্রতিপালক হলেন দয়াময় (আল্লাহ), কাজেই তোমরা আমার অনুসরণ কর আর আমার কথা মান্য কর। — তাইসিরুল

হারান তাদেরকে পূর্বেই বলেছিলঃ হে আমার সম্প্রদায়! এটা দ্বারা তো শুধু তোমাদেরকে পরীক্ষায় ফেলা হয়েছে; তোমাদের রাব্ব দয়াময়, সুতরাং তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল। — মুজিবুর রহমান

And Aaron had already told them before [the return of Moses], "O my people, you are only being tested by it, and indeed, your Lord is the Most Merciful, so follow me and obey my order." — Sahih International

৯০. অবশ্য হারান তাদেরকে আগেই বলেছিলেন, হে আমার সম্প্রদায়! এ দ্বারা তো শুধু তোমাদেরকে পরীক্ষায় ফেলা হয়েছে। আর তোমাদের রব তো দয়াময়; কাজেই তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল।

তাফসীরে জাকারিয়া

(৯০) হারান ওদেরকে পূর্বেই বলেছিল, 'হে আমার সম্প্রদায়! এর দ্বারা তোমাদের কেবল পরীক্ষা করা হয়েছে। নিশ্চয় তোমাদের প্রতিপালক পরম দয়াময়। সুতরাং তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল।' [1]



[1] হারূন (আঃ) এ কথা তখনই বলেছিলেন, যখন এই লোকেরা সামেরীর কথা অনুসারে বাছুরের পূজা শুরু করে দিয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2438

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন